



পূজাবার্ষিকী সংখ্যায় ঈশানের কথা

ঈশান কথা'র পাঁচ মাস পূর্ণ হলো। এই পাঁচ মাসে ঈশান কথা'র পনেরোটি সংখ্যা প্রকাশিত হয়েছে। এই বিশেষ পূজো সংখ্যাটি আমাদের ষোলতম সংস্করণ। সিদ্ধান্ত নেওয়ার পর হাতে সময় খুব বেশি ছিল না। এই সময়ের মধ্যে আমরা বিষয় নির্বাচনের দিক দিয়ে এবং কলেবরে, দুটো তেই এই সংখ্যা কে আকর্ষক রূপ দেওয়ার চেষ্টা করেছি। আশাকরি সবার ভালো লাগবে।

করোনাকালীন অভূতপূর্ব এই সময়ে পূজোর আমেজও সেরকম নেই। মহালয়ার এক মাস পর পূজো। তারপর উৎসব পালনের বিভিন্ন বিধিনিষেধ। হ্যাঁ, অবশ্যই সতর্কতামূলক পদক্ষেপ। কিন্তু, সব কিছু মিলিয়ে কেমন যেন মন খারাপ করা আবহাওয়া। সত্যিকার অর্থেই এবার যেন 'অকাল বোধন'। শারদীয়া দুর্গোৎসব কে পুরাণ অনুযায়ী বলা হয়ে থাকে 'অকাল বোধন', যা এই পরিস্থিতিতে আরও প্রাসঙ্গিক। সঙ্গীত, নৃত্য, স্তোত্র মিলিয়ে "অকাল বোধন" আগমনী আলেখ্য টিম ঈশান কথা'র পক্ষ থেকে একটি বিনম্র প্রয়াস। এতে অংশগ্রহণকারী প্রত্যেক শিল্পীকে আমাদের অভিনন্দন। অসাধারণ সংগীত পরিচালনার জন্য বরাকের কৃতি সন্তান বিধান লস্করকে ধন্যবাদ জানাই।

"ঈশানের রান্নাঘর"-এর বিশেষ পূজো পর্বে সপ্তমী, অষ্টমী, ও নবমীর জন্য তিনটি জিভে জল আনা রেসিপি উপহার দিয়েছেন খেলা পুরকায়স্থ, রাখী ভট্টাচার্য এবং দোলনচাঁপা চক্রবর্তী। আশাকরি ভাল লাগবে আপনাদের। ছোটদের জানালা'য় পূজোর 'রামধনু'-তে রয়েছে ছোটদের গান, নাচ, আবৃত্তি নিয়ে ঈশান কথা'র এক বিশেষ অনুষ্ঠান। এই সুন্দর ভাবনা এবং উদ্যোগের জন্য - সুরমন্দির সাংস্কৃতিক কলা কেন্দ্র, করিমগঞ্জ-শিলচর-কে অশেষ ধন্যবাদ।

বরাকের ভূমিপুত্র সৌম্যব্রত চক্রবর্তী পেশায় প্রযুক্তিবিদ এবং বর্তমানে ইসরো, আহমেদাবাদে উচ্চ পদে কর্মরত। কিন্তু একই সাথে তার অন্যতম প্যাশন সঙ্গীত। বেহালাবাদক হিসেবে জাতীয় স্তরে প্রশংসিত এই শিল্পী আমাদের ডাকে সাড়া দিয়ে দুটো পারফরম্যান্স উপহার দিয়েছেন। সঙ্গে তবলায় রয়েছেন হেমন্ত যোশী। অনুষ্ঠানের নাম: An aesthetic journey with Indian Classical music : Rendition of violin by Soumyabrata Chakraborty

এবার থেকে শুরু হচ্ছে এক বিশেষ ধারাবাহিক। এর ১ম পর্ব - রং তুলি -১। 'ক্যানভাসে ভাবনায় চিত্রকর সঞ্জয় সেনগুপ্তের সাথে' প্রকাশিত হল। এই নতুন সিরিজে বরাকের ভূমিপুত্র মেধাবী চিত্রশিল্পী সঞ্জয় সেনগুপ্তের সৃষ্টি এবং ভাবনার সাথে দর্শকদের পরিচয় করিয়ে দেবার বিনম্র প্রয়াস রইলো টিম ঈশান কথা'র পক্ষ থেকে।

ব্যান্ড "শরিক" ধীরে ধীরে ব্র্যান্ড হওয়ার পথে। যাত্রা শুরু হয়েছিল বছর পাঁচেক আগে, কিন্তু ইতিমধ্যেই দর্শক-শ্রোতাদের কাছে জনপ্রিয় হয়ে উঠেছে এই গানের দলটি। ঈশান কথা'র কৃশানু ভট্টাচার্যের সাথে শুভদীপ, ধৃতিমান আর কাশি-দের আলাপচারিতায় উঠে আসল তাদের এই ছোট সফরে গান নিয়ে নানা পরীক্ষা নিরীক্ষার কথা, আর সংগে অবশ্যই রইল গান। বরাকের আরেক জনপ্রিয় কণ্ঠশিল্পী, বর্তমানে করিমগঞ্জ নিবাসী শাশ্বতী ভট্টাচার্যের সাথে গান-আড্ডায় বসেছিলেন ঈশান কথার পক্ষ থেকে ডঃ দেবশ্রী দাস। শিল্পী কণ্ঠমধুর্য ও অন্তরঙ্গ আলাপচারিতায় উপহার দিলেন একটি ছিমছাম অনুষ্ঠান।

'সেকাল বনাম একাল'-- পুজোর আমেজে এক জমজমাট আড্ডা। সেকালের আর একালের পুজো নিয়ে কথা বললেন গৌরী দত্ত বিশ্বাস, রবিশঙ্কর ভট্টাচার্য, কাবেরী দাস এবং ভাস্কর জ্যোতি দাস। অতিরিক্ত প্রাপ্তি স্বরচিত কবিতা পাঠ এবং গান।

পুজোর সঙ্গে যাত্রার এক বিশেষ সম্পর্ক রয়েছে। আমাদের এই উপত্যকায়, চা বাগান, গ্রাম-মফস্বল, শহর - কোনখানেই যাত্রার দর্শক-শ্রোতার অভাব ছিল না। কিন্তু সময়ের সাথে সাথে যাত্রার পরিধি আজ সংকুচিত। এই উপত্যকার প্রবাদপ্রতিম অনেক যাত্রা শিল্পীই আজ আমাদের মধ্যে নেই। এই পুজোর মরশুমে 'ঈশান কথা' চেষ্টা করল এক প্রবীণ অভিনেতার অভিজ্ঞতা ভাগ করে নিতে। একেবারে ঘরোয়া এক আলাপচারিতায় উঠে এসেছে উদারবন্দ নিবাসী অভিনেতা শ্রী হীরালাল দাস-এর যাত্রা জীবনের টুকরো টুকরো স্মৃতি। মনের যোগাযোগ ঘটিয়ে দেওয়ার জন্য শুভংকর (চন্দ) দা- কে শ্রদ্ধাপূর্ণ ভালবাসা।

অনুষ্ঠান : 'যাত্রাশিল্পী হীরালাল দাসের সঙ্গে কিছুক্ষণ'।

মেঘমালা দে গল্প লেখক হিসেবে যথেষ্ট পরিণত ও পরিচিত। ঈশান কথা'র পুজো সংখ্যায় 'আকাশ প্রদীপ'- নামে একটি স্বরচিত গল্প পাঠ করেছেন তিনি।

এই সংখ্যায় আমাদের কবিতার ডালি সন্মুখে সাজিয়ে দিয়েছেন এ উপত্যকার জনপ্রিয় কবি ও সর্বজনপ্রিয় সুজিত দাস। চলিত প্রথা অনুযায়ী, সুজিত দাস কে অবশ্যই ঈশান কথা'র এই প্রথম পুজো সংখ্যার আমন্ত্রিত সম্পাদক হিসেবে মান্যতা দেওয়া যায়। কিন্তু, আমরা পারিনি। সুজিত দা কে আমরা আমন্ত্রিত হিসেবে ভাবি না। ঈশান কথা'র একজন পথ প্রদর্শক হিসেবে মানি। এরকম আরও অনেকেই আছেন, যারা তাদের মূল্যবান উপদেশ, প্রস্তাব এবং সময়-সব কিছু অকাতরে ও ভালবেসে আমাদেরকে দিয়েছেন। কিন্তু, বিভিন্ন পেশাগত ও অন্যান্য কারণে বা হয়ত বা কোন কারণ ছাড়াই সর্বদা নেপথ্যে থাকতেই পছন্দ করেন। আমরা তাদের প্রত্যেকের কাছে কৃতজ্ঞ।

ঈশান কথা'র পুজো সংখ্যাকে তাঁদের লেখা দিয়ে সমৃদ্ধ করার জন্য বরাকের দুই প্রবাদ প্রতিম ব্যক্তিত্ব তপোধীর ভট্টাচার্য ও অমলেন্দু ভট্টাচার্য কে আমরা শ্রদ্ধা জানাই। বিশেষ ধন্যবাদ নীলাঞ্জন ভট্টাচার্য কে। ভালবেসে করিমগঞ্জ থেকে বিভিন্ন লেখা সংগ্রহ করে পাঠানোর জন্য। করিমগঞ্জ, হাইলাকান্দি সহ বরাক উপত্যকার বাইরের প্রত্যেক লেখক-শিল্পীর প্রতি আমাদের শুভেচ্ছা রইল।

পুজো সংখ্যা সহ ঈশান কথা'র প্রতিটি সংস্করণের সাথে জড়িত প্রত্যেক লেখক-শিল্পীদের জানাই শারদীয় শুভেচ্ছা। আর, যাদের জন্য আমাদের এই আয়োজন- আমাদের প্রত্যেক দর্শক-শ্রোতা-পাঠক ও শুভানুধ্যায়ী - আপনাদের সবাইকে আমাদের শ্রদ্ধা ও ভালবাসা। পুজো সবার ভালো কাটুক, সুস্থ কাটুক।